# বিদেশি ঋণ-সহায়তার অর্থ ছাড়ে বড় ধস

অর্থনৈতিক প্রতিবেদক

এবার বিদেশি ঋণ-সহায়তার অর্থ ছাড়ে উদ্বেগজনক পতন দেখা যাচ্ছে। চলতি অর্থবছরের প্রথম আট মাসে (জুলাই-ফেব্রুয়ারি) উন্নয়ন সহযোগীদের প্রতিশ্রুত ঋণ-সহায়তার বিপরীতে প্রকৃত অর্থ ছাড় কমেছে প্রায় ৫৫ শতাংশ। নতুন ঋণের ছাড় কমার পাশাপাশি পুরনো ঋণের কিস্তি পরিশোধের চাপ বাড়ায় নিট ঋণ-সহায়তায় এই ধস নেমেছে। এ সময়ে আগের ঋণের আসল পরিশোধ প্রায় ১৪ শতাংশ বেড়েছে। সার্বিক ঋণ-সহায়তা ছাড়ে পতনের পেছনে উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে ধীরগতি, শর্তপূরণে জটিলতা এবং ত্রয়োদশ জাতীয় নির্বাচন পূর্ববর্তী রাজনৈতিক অনিশ্চয়তাকে দায়ী করছেন অর্থনীতিবিদসহ সংশ্লিষ্টরা।

তারা বলছেন, বিদেশি ঋণ-সহায়তার বড় অংশই আসে উন্নয়ন প্রকল্প ঘিরে। ফলে সংশ্লিষ্ট প্রকল্প যথাসময়ে বাস্তবায়নের ওপর অনেকটাই নির্ভর করে ঋণ ছাড়ের বিষয়টি। কিন্তু অন্তর্বর্তী সরকারের ব্যয়সাশ্রয়ী নীতিতে প্রকল্প বাস্তয়নের ধীরগতি দেখা যায়। বিশেষ করে রাজনৈতিক পটপরিবর্তনে পর আগের সরকারের সময়ে নেওয়া অনেক প্রকল্প সংশোধন করা হয়। আবার অনেক প্রকল্পে ঠিকাদার চলে যাওয়ার কারণে প্রকল্প বাস্তবায়ন ব্যাহত হয়েছে। এতে সংশ্লিষ্ট প্রকল্পে বৈদেশিক ঋণ সহায়তাও কমে গেছে। এই পরিস্থিতি থেকে উত্তরণে দ্রুত প্রকল্প বাস্তবায়নে গতি আনার ওপর জোর দেন তারা।

পরিকল্পনা মন্ত্রণালয়ের বাস্তবায়ন পরিক্ষীণ ও মূল্যায়ন বিভাগের (আইএমইডি) প্রতিবেদন অনুযায়ী, চলতি অর্থবছরের প্রথম আট মাসে (জুলাই-ফেব্রুয়ারি) এডিপি বাস্তবায়নের হার ছিল মাত্র ৩০ দশমিক ৩১%, যা গত ৫ বছরের মধ্যে দ্বিতীয় সর্বনিম্ন। এ সময়ে মোট ৬৩ হাজার ৩২৭ কোটি টাকা ব্যয় হয়েছে, যা আগের অর্থবছরের একই সময়ের চেয়ে ৪ হাজার কোটি টাকা কম। সংশ্লিষ্টরা জানান, বড় বড় অবকাঠামো প্রকল্পে কাজের গতি প্রত্যাশার তুলনায় কম থাকায় অর্থ ছাড় আটকে যাচ্ছে। অনেক ত্রে ঋণের শর্ত অনুযায়ী সংস্কার বা নীতিগত পদপে সময়মতো বাস্তবায়ন না হওয়ায় উন্নয়ন সহযোগীরা অর্থ ছাড়ে ধীরগতি বজায় রেখেছে।




> নতুন ঋণের ছাড় কমার পাশাপাশি পুরনো ঋণের কিস্তি পরিশোধের চাপ বাড়ায় নিট ঋণ-সহায়তায় এই ধস নেমেছে

বাংলাদেশ ব্যাংকের একজন কর্মকর্তা আমাদের সময়কে বলেন, বিদেশি ঋণ-সহায়তা কমে যাওয়া যেমন উদ্বেগজনক, তেমনি পরিশোধের চাপ বাড়াও বড় ঝুঁকি। এমনিতেই বৈশ্বিক যুদ্ধের কারণে ডলারের অন্তঃপ্রবাহ কমে যাওয়ার আশঙ্কা রয়েছে। এমন পরিস্থিতিতে প্রকল্প বাস্তবায়নে গতি আনা এবং শর্তপূরণে সমন্বিত উদ্যোগ নেওয়া প্রয়োজন। নতুন সরকারের নীতিগত স্থিতিশীলতা স্পষ্ট হলে বিদেশি ঋণ ছাড় আবারও স্বাভাবিক হতে পারে বলে তিনি আশা প্রকাশ করেন।

কেন্দ্রীয় ব্যাংকের হালনাগাদ প্রতিবেদন বলছে, চলতি অর্থবছরের প্রথম আট মাসে (জুলাই-ফেব্রুয়ারি) মোট বৈদেশিক ঋণ-সহায়তার অর্থছাড় হয়েছে ৩০৫ কোটি ৩০ লাখ ডলার। এটি গত অর্থবছরের একই সময়ের চেয়ে ২৬ দশমিক ১৫ শতাংশ কম। এ সময়ে বিগত সময়ে আসা ঋণ-সহায়তার আসল পরিশোধে খরচ হয়েছে প্রায় ১৯৯ কোটি ২৪ লাখ ডলার। ফলে আলোচ্য আট মাসে নিট বৈদেশিক ঋণ-সহায়তা হিসেবে বাংলাদেশ পেয়েছে মাত্র ১০৬ কোটি ডলার। গত অর্থবছরের একই সময়ে নিট বৈদেশিক ঋণ সহায়তা ছাড়ের পরিমাণ ছিল ২৩৮ কোটি ৪২ লাখ ডলার। ফলে এবার নিট বৈদেশিক ঋণ-সহায়তা কমেছে প্রায় ৫৫ দশমিক ৫১ শতাংশ। আগের অর্থবছরের প্রথম আট মাসে এই কমার হার ছিল ৩৬ দশমিক ৯৮ শতাংশ।

প্রতিবেদন অনুযায়ী, এ সময়ে উন্নয়ন প্রকল্পে মোট বিদেশি ঋণ-সহায়তা এসেছে ৩০২ কোটি ৮০ লাখ ডলার। এটি গত অর্থবছরের একই সময়ের চেয়ে ২৬ দশমিক ৩১ শতাংশ কম। আর খাদ্য সহায়তা হিসেবে এসেছে মাত্র ২ কোটি ৫০ লাখ ডলার। গত অর্থবছরের একই সময়ে প্রকল্পে ঋণ-সহায়তা এসেছিল প্রায় ৪১০ কোটি ৯৪ লাখ ডরার। আর খাদ্য সহায়তা বাবদ এসেছিল ২ কোটি ৫০ লাখ ডলার। সব মিলে এই আট মাসে মোট বৈদেশিক ঋণ সহায়তা এসেছে প্রায় ৩০৫ কোটি ৩০ লাখ ডলার। গত অর্থবছরের একই সময়ে মোট বৈদেশিক ঋণ-সহায়তা আসার পরিমাণ ছিল ৪১৩ কোটি ৪৪ লাখ ডলার।

প্রতিবেদনে দেখা যায়, চলতি অর্থবছরের প্রথম আট মাসের মধ্যে সর্বোচ্চ ৩৯ কোটি ৪১ লাখ ডলারের নিট ঋণ সহায়তা পাওয়া গেছে চলতি বছরের জানুয়ারি মাসে। দ্বিতীয় সর্বোচ্চ ৩৬ কোটি ৩৯ লাখ ডলার ছাড় হয়েছে গত বছরের জুলাই মাসে। আর তৃতীয় সর্বোচ্চ ৩০ কোটি ৯৯ লাখ ডলার ছাড় হয় গত বছরের সেপ্টেম্বর মাসে।

বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যানে আরও দেখা যায়, দেশে ২০২১-২২ অর্থবছরে রেকর্ড পরিমাণ বৈদেশিক ঋণের অর্থছাড় হয়েছিল। ওই অর্থবছরে সব মিলিয়ে প্রায় ১ হাজার কোটি ডলারের বেশি বিদেশি সহায়তা ছাড় করেছিল উন্নয়ন সহযোগী সংস্থা ও দেশগুলো। এটি তার আগের অর্থবছরের চেয়ে সাড়ে ৪৩ শতাংশ বেশি ছিল।

তবে আগের ঋণ পরিশোধের পর ওই অথবছরে নিট বৈদেশিক ঋণ ছাড়ের পরিমাণ দাঁড়ায় ৮৪৮ কোটি ১৬ লাখ ডলার। এটি তার আগের অর্থবছরের চেয়ে ৫১ দশমিক ৫৪ শতাংশ বেশি ছিল।

## ডমিনেজ স্টিলের মালিকানা কিনবে আকিজ রিসোর্স

অর্থনৈতিক প্রতিবেদক

পুঁজিবাজারে তালিকাভুক্ত প্রকৌশল খাতের কোম্পানি ডমিনেজ স্টিল বিল্ডিং সিস্টেমস লিমিটেডের মালিকানা কিনবেন আকিজ রিসোর্স লিমিটেড, শেখ জসিম উদ্দিন ও ফারিয়া হোসেন।

তালিকাভুক্ত কোম্পানিটির পর্ষদ সভায় শেয়ার বিক্রির বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়েছে। আনুষ্ঠানিক প্রক্রিয়া ও নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের (বিএসইসি) অনুমোদনের পর নতুন পর্ষদ কোম্পানিটির ব্যবস্থাপনা ও পরিচালনার দায়িত্ব নেবে।

মালিকানা হস্তান্তরের বিষয়টি গতকাল এক মূল্য সংবেদনশীল তথ্যের (পিএসআই) মাধ্যমে জানিয়েছে ডমিনেজ স্টিল।

তথ্যানুসারে, ডমিনেজ স্টিলের বর্তমান পর্ষদের কাছে থাকা কোম্পানিটির ৩০ শতাংশ বা ৩ কোটি ৭ লাখ ৮০ হাজার শেয়ার অফ-মার্কেট লেনদেনের মাধ্যমে আলোচনার ভিত্তিতে নির্ধারিত মূল্যে বিক্রির সিদ্ধান্ত নেয়া হয়েছে। কোম্পানিটি এ শেয়ার স্থানান্তরের অনুমতির জন্য বিএসইসির কাছে আবেদন জমা দেবে। ডমিনেজ স্টিলের বর্তমান পরিচালকরা তাদের শেয়ার বিক্রির ল্যে প্রস্তাবিত ক্রেতা আকিজ রিসোর্স লিমিটেড, শেখ জসিম উদ্দিন ও ফারিয়া হোসেনের সঙ্গে শিগগিরই একটি বিক্রয় চুক্তি সম্পন্ন হবে।

পিএসআইয়ে আরো জানানো হয়েছে, আকিজ রিসোর্স লিমিটেড বাংলাদেশের অন্যতম বৃহৎ শিল্পগোষ্ঠী, যাদের সহযোগী প্রতিষ্ঠানগুলোর মাধ্যমে ইস্পাত ও নির্মাণ শিল্পে উল্লেখযোগ্য পদচারণা রয়েছে।



## কয়লাকে টপকে বিদ্যুতের বড় উৎস এখন নবায়নযোগ্য জ্বালানি

অর্থনৈতিক প্রতিবেদক

প্রথমবারের মতো ২০২৫ সালে বিদ্যুৎ উৎপাদনের সবচেয়ে বড় উৎস হিসেবে কয়লাকে পেছনে ফেলেছে নবায়নযোগ্য জ্বালানি।

দীর্ঘদিনের প্রথা ভেঙে এ পরিবর্তন বৈশ্বিক জ্বালানি খাতের এক বড় রূপান্তর হিসেবে দেখা হচ্ছে। বিশ্বখ্যাত এনার্জি থিংকট্যাংক এমবারের সাম্প্রতিক তথ্যানুযায়ী, ২০২৫ সালে বিশ্বজুড়ে উৎপাদিত বিদ্যুতের এক-তৃতীয়াংশের বেশি এসেছে নবায়নযোগ্য উৎস থেকে। অন্যদিকে কয়লাভিত্তিক বিদ্যুতের অংশ কমে মোট উৎপাদনের এক-তৃতীয়াংশের নিচে নেমে এসেছে।

প্রতিবেদনে বলা হয়েছে, এটি কেবল একটি সংখ্যার পরিবর্তন নয়, বরং জলবায়ু পরিবর্তন মোকাবেলায় বিশ্বের একটি শক্তিশালী পদপে। নবায়নযোগ্য শক্তির এ সাফল্যের মূল কারিগর সৌর ও বায়ু শক্তি। ২০২৫ সালে বিশ্বজুড়ে বিদ্যুতের যে নতুন চাহিদা তৈরি হয়েছে, তার প্রায় ৯৯ শতাংশই পূরণ করেছে এ দুই উৎস। অর্থাৎ, বিদ্যুতের ব্যবহার বাড়লেও এর জন্য আর জীবাশ্ম জ্বালানির ওপর নির্ভর করতে হয়নি।

নবায়নযোগ্য জ্বালানি খাতে কয়েক বছরে বিপুল পরিমাণ বিনিয়োগ হয়েছে। ফলে সৌর ও বায়ুশক্তি এখন প্রচলিত জীবাশ্ম জ্বালানির সঙ্গে সরাসরি প্রতিযোগিতায় টিকে থাকার সমতা অর্জন করেছে। সৌর ও বায়ুশক্তির দ্রুত প্রসারের ফলেই বিশ্বব্যাপী বিদ্যুৎ উৎপাদনে কয়লার একচ্ছত্র আধিপত্যের অবসান ঘটেছে বলে মনে করছেন বিশ্লেষকরা।

২০২৫ সালে নবায়নযোগ্য জ্বালানির এ উত্থানে সবচেয়ে বড় ভূমিকা রেখেছে সৌরশক্তি। এক বছরেই সৌরবিদ্যুৎ উৎপাদন বেড়েছে প্রায় ৬৩৬ টেরাওয়াট-ঘণ্টা, যা ইতিহাসে একক কোনো বিদ্যুৎ উৎসের জন্য সর্বোচ্চ বার্ষিক প্রবৃদ্ধি।

প্রতিবেদনে বলা হয়েছে, গত এক দশকে সোলার মডিউলের দাম ৮০ শতাংশের বেশি কমেছে। ফলে অনেক দেশেই এখন নতুন বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের ত্রে সৌরশক্তি সবচেয়ে সাশ্রয়ী বিকল্প হয়ে দাঁড়িয়েছে। তথ্য বলছে, ২০২৫ সালে সৌরবিদ্যুতের উৎপাদন বেড়েছে প্রায় ৩০ শতাংশ। এমনকি বিশ্বের মোট নতুন বিদ্যুৎ চাহিদার প্রায় ৭৫ শতাংশই একাই পূরণ করেছে সৌরশক্তি।

এর সঙ্গে বায়ুশক্তি যোগ হয়ে জীবাশ্ম জ্বালানির প্রয়োজনীয়তাকে প্রায় শূন্যের কোটায় নামিয়ে এনেছে। শুধু তা-ই নয়, নবায়নযোগ্য জ্বালানির ব্যবহারে বৈশ্বিক কার্বন নিঃসরণের গতিও কমেছে বলে জানিয়েছে আন্তর্জাতিক জ্বালানি সংস্থা (আইইএ)। বিশ্বজুড়ে ২০২৫ সালে জ্বালানি খাত থেকে কার্বন ডাই-অক্সাইড নিঃসরণ বেড়েছে দশমিক ৪ শতাংশ। সাম্প্রতিক বছরগুলোর তুলনায় বৃদ্ধির এ হার বেশ মন্থর। এর পেছনে মূল কারণ হিসেবে বিদ্যুৎ উৎপাদন ব্যবস্থায় সৌরশক্তির ব্যবহার বৃদ্ধিকে চিহ্নিত করেছে সংস্থাটি।

করপোরেট কর্নার




**ভিসা কার্ডধারীদের জন্য গুগল পে সেবা চালুঃ** সাউথইস্ট ব্যাংক ভিসা ক্রেডিট, ডেবিট ও প্রিপেইড কার্ড ব্যবহারকারীদের জন্য 'গুগল পে' সেবা চালু করেছে। এর ফলে গ্রাহকেরা এখন থেকে অ্যান্ড্রয়েড ফোন ব্যবহার করে দেশ-বিদেশে দ্রুত, নিরাপদ ও কনট্যাক্টলেস পেমেন্ট করতে পারবেন। সাউথইস্ট ব্যাংকের প্রধান কার্যালয়ে সম্প্রতি আনুষ্ঠানিকভাবে 'গুগল পে' সেবার উদ্বোধন করা হয়। এ সময় সাউথইস্ট ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মো. খালিদ মাহমুদ খান, ভিসার কান্ট্রি ম্যানেজার সাব্বির আহমেদ খান, সাউথইস্ট ব্যাংকের অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক আবিদুর রহমান চৌধুরী, অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মো. মাহবুব আলম প্রমুখ উপস্থিত ছিলেন। সাউথইস্ট ব্যাংকের পাঠানো সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি জানানো হয়।

এতে বলা হয়, সাউথইস্ট ব্যাংকের ভিসা ক্রেডিট, ডেবিট ও প্রিপেইড কার্ড ব্যবহারকারীরা সহজেই তাঁদের কার্ড গুগল ওয়ালেটে যুক্ত করে বিশ্বব্যাপী মার্চেন্ট পয়েন্টে লেনদেন সম্পন্ন করতে পারবেন। ফলে ফিজিক্যাল কার্ড বহনের প্রয়োজনীয়তা কমে আসবে। দৈনন্দিন লেনদেন আরও সহজ ও নিরাপদ হবে।-**বিজ্ঞপ্তি**



**সাউথইস্ট ইউনিভার্সিটিতে সামার সেমিস্টারের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিতঃ** এতে বিশ্ববিদ্যালয়ের চারটি অনুষদের আন্ডারগ্র্যাজুয়েট প্রোগ্রামে ভর্তিচ্ছু প্রায় ১১০০ শির্ক্ষাথী অংশ নেয়। স্কুল অব বিজনেস স্টাডিজ, স্কুল অব ইঞ্জিনিয়ারিং, স্কুল অব আর্টস অ্যান্ড সোশ্যাল সায়েন্সেস এবং স্কুল অব ইনফরমেশন টেকনোলজির বিভিন্ন প্রোগ্রামে ভর্তির জন্য তারা প্রথমে লিখিত পরীায় অংশগ্রহণ করেন। এতে উত্তীর্ণদের নিয়ে পরবর্তী সময়ে মৌখিক পরীা অনুষ্ঠিত হয়, এর মাধ্যমে ভর্তির জন্য শির্ক্ষাথী বাছাই করা হবে। সাউথইস্ট ইউনিভার্সিটির এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল এ তথ্য জানানো হয়।

ভর্তি পরীা প্রসঙ্গে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলাম বলেন, 'সাউথইস্ট ইউনিভার্সিটিতে আধুনিক সুযোগ-সুবিধা এবং যুগোপযোগী পাঠ্যক্রমের মাধ্যমে শির্ক্ষাথীদের ব্যবহারিক ও দতাভিত্তিক শিাদান নিশ্চিত করা হয়।'তিনি আরো বলেন, 'ভর্তি পরীায় উত্তীর্ণরা শিাজীবনের এ চারটি বছরে নিষ্ঠা ও কঠোর পরিশ্রমের মাধ্যমে মেধা, দতা, সফট স্কিল এবং অন্যান্য মানবিক গুণাবলিতে বিকশিত হবেন। এটা শুধু তাদের ব্যক্তিগত ক্যারিয়ার গঠনেই সহযোগিতা করবে না; বরং দেশের সামগ্রিক উন্নয়নেও গুরুত্বপূর্ণ অবদান রাখতে যোগ্য করে করে তুলবে।'-**বিজ্ঞপ্তি**




**ব্যাংক এশিয়ার নেতৃত্বে নরসিংদীতে দিনব্যাপী 'ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগ' কার্যক্রমঃ** ডিজিটাল লেনদেন সম্প্রসারণে বাংলাদেশ ব্যাংকের আয়োজনে নরসিংদীতে 'ক্যাশলেস বাংলাদেশ উদ্যোগ' শীর্ষক উদ্বুদ্ধকরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়েছে। এতে লিড ব্যাংক হিসেবে নেতৃত্ব দিয়েছে ব্যাংক এশিয়া পিএলসি। সম্প্রতি জেলা শিশু একাডেমি মিলনায়তনে দিনব্যাপী এ অনুষ্ঠানে শোভাযাত্রা, উপস্থাপনা, সেমিনার, উন্মুক্ত আলোচনা এবং সচেতনতামূলক কার্যক্রমের মাধ্যমে বাংলা কিউআরসহ বিভিন্ন ডিজিটাল পেমেন্ট প্লাটফর্মের সুবিধা তুলে ধরা হয়। ব্যাংক এশিয়ার এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল এ তথ্য জানানো হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় ব্যাংকের নির্বাহী পরিচালক আরিফ হোসেন খান। বিশেষ অতিথি ছিলেন নরসিংদীর পুলিশ সুপার মো. আবদুল্লাহ্-আল-ফারুক এবং ব্যাংক এশিয়ার উপব্যবস্থাপনা পরিচালক মির্জা আজহার আহমদ।-**বিজ্ঞপ্তি**

## হিলিতে পেঁয়াজের দাম কমেছে ৫-১০ টাকা

অর্থনৈতিক প্রতিবেদক

বাজারে নতুন পেঁয়াজের সরবরাহ বাড়ায় দাম নিম্নমুখী হতে শুরু করেছে বলে জানিয়েছেন স্থানীয় ব্যবসায়ীরা। গতকাল হিলি বাজারে সরজমিনে দেখা গেছে, বর্তমানে বাজারের প্রতিটি দোকানে নতুন 'হালি' জাতের পেঁয়াজ বিক্রি হচ্ছে কেজিপ্রতি ৩০-৩৫ টাকা দরে, যা এক সপ্তাহ আগে ছিল ৪০ টাকা। তবে বাজারের কোনো দোকানেই এখন আর পুরনো 'মুড়িকাটা' পেঁয়াজ দেখা যাচ্ছে না।

বিক্রেতারা জানান, মুড়িকাটা পেঁয়াজের মৌসুম শেষ হয়ে আসায় বাজারে সরবরাহ কমে গিয়েছিল, ফলে গত সপ্তাহে দাম কিছুটা বেড়েছিল। তবে বর্তমানে নাটোর, রাজশাহী ও পাবনাসহ দেশের বিভিন্ন অঞ্চলে পর্যাপ্ত পরিমাণে হালি জাতের পেঁয়াজ উঠতে শুরু করেছে। এসব এলাকা থেকে নতুন পেঁয়াজ বাজারে আসায় সরবরাহ এখন আগের চেয়ে অনেক বেশি।

হিলি বাজারের পেঁয়াজ বিক্রেতা আবুল হাসনাত বলেন, '?বর্তমানে মোকামে পেঁয়াজের আমদানি অনেক বেশি।

# বীমায় ভর করে বাড়লো সূচক-লেনদেন

অর্থনৈতিক প্রতিবেদক



সপ্তাহের প্রথম কার্যদিবস গতকাল রোববার দেশের প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জে (ডিএসই) বেশিসংখ্যক প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম কমলেও বেড়েছে মূল্য সূচক। সেই সঙ্গে বেড়েছে লেনদেনের পরিমাণ। মূলত বেশিরভাগ বিমা কোম্পানির শেয়ার দাম বাড়ার কারণে বাজারটিতে এই ঊর্ধ্বমুখিতার দেখা মিলেছে।

অন্য শেয়ারবাজার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জে (সিএসই) দাম বাড়ার তালিকায় বেশি প্রতিষ্ঠান রয়েছে। ফলে মূল্য সূচকও বেড়েছে। সেই সঙ্গে বেড়েছে লেনদেনের পরিমাণ।

এদিন ডিএসইতে লেনদেন শুরু হয় বেশিরভাগ প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম বাড়ার মাধ্যমে। ফলে লেনদেনের শুরুতে সূচকের ঊর্ধ্বমুখিতার দেখা মেলে। অধিকাংশ প্রতিষ্ঠানের শেয়ার দাম বাড়ায় লেনদেনের এক পর্যায়ে ডিএসইর প্রধান সূচক ৫৬ পয়েন্ট বেড়ে যায়। কিন্তু লেনদেনের শেষদিকে বিভিন্ন খাতের বেশিরভাগ প্রতিষ্ঠানের শেয়ার দাম কমে যায়। অবশ্য এর মধ্যেও দাম বাড়ার প্রবণতা ধরে রাখে বেশিরভাগ বিমা কোম্পানি। দিনের লেনদেন শেষে ডিএসইতে সব খাত মিলে দাম বাড়ার তালিকায় নাম লিখিয়েছে ১৫৭টি প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিট। বিপরীতে দাম কমেছে ১৭২টির। আর ৬২টির দাম অপরিবর্তিত রয়েছে। অপরদিকে বিমা খাতের ৫৮টি প্রতিষ্ঠানের মধ্যে ৪৯টির শেয়ার দাম বেড়েছে। বিপরীতে ৭টির দাম কমেছে এবং দুটির দাম অপরিবর্তিত রয়েছে। ভালো কোম্পানি বা ১০ শতাংশ অথবা তার বেশি লভ্যাংশ দেওয়া প্রতিষ্ঠানগুলোর মধ্যে ৯৯টির শেয়ার দাম বেড়েছে। বিপরীতে ৭৫টির দাম কমেছে এবং ২৯টির দাম অপরিবর্তিত রয়েছে। মাঝারি মানের বা ১০ শতাংশের কম লভ্যাংশ দেওয়া ৩৩টি কোম্পানির শেয়ার দাম বেড়েছে। বিপরীতে দাম কমেছে ৩৮টির এবং ১০টির দাম অপরিবর্তিত রয়েছে। বিনিয়োগকারীদের লভ্যাংশ না দেওয়ার কারণে 'জেড' গ্রুপে স্থান হওয়া কোম্পানিগুলোর মধ্যে ২৫টির শেয়ার দাম বেড়েছে।

বিপরীতে দাম কমেছে ৫৯টির এবং ২৩টির দাম অপরিবর্তিত রয়েছে। আর তালিকাভুক্ত মিউচুয়াল ফান্ডের মধ্যে ১০টির দাম বেড়েছে এবং সাতটির দাম কমেছে ও ১৭টির দাম অপরিবর্তিত রয়েছে। দাম কমার তালিকা বড় হওয়ায় পরও ডিএসইর প্রধান মূল্যসূচক ডিএসইএক্স আগের দিনের তুলনায় ১৭ পয়েন্ট বেড়ে ৫ হাজার ৩১৬ পয়েন্টে দাঁড়িয়েছে।

অন্য দুই সূচকের মধ্যে বাছাই করা ভালো ৩০ কোম্পানি নিয়ে গঠিত ডিএসই-৩০ সূচক আগের দিনের তুলনায় ১১ পয়েন্ট বেড়ে ২ হাজার ২৬ পয়েন্টে অবস্থান করছে। তবে ডিএসই শরিয়াহ সূচক ১ পয়েন্ট কমে ১ হাজার ৬৫ পয়েন্টে নেমে গেছে।

## দারাজে চলছে পে-ডে ক্যাম্পেইন

অর্থনৈতিক প্রতিবেদক

দারাজে চলছে ক্রেতাদের জন্য বিশেষভাবে ডিজাইন করা পে-ডে ক্যাম্পেইন। এই ক্যাম্পেইন চলাকালীন এই প্ল্যাটফর্মে প্রয়োজনীয় বিভিন্ন পণ্যে থাকছে বিশেষ ছাড় ও বাড়তি অনেক সুবিধা।

ইলেকট্রনিকস, ফ্যাশন, লাইফস্টাইল ও এফএমসিজি ক্যাটাগরির বেশ কিছু পণ্যে থাকছে দারাজের বিশেষ অফার। পে-ডে ক্যাম্পেইন চলাকালীন বিশেষ ছাড় থাকছে, এমন ৪টি পণ্য সম্পর্কে জেনে নেওয়া যাক।

**১. ২৮% ছাড়ে হায়ার জেনগ্লো ইনভার্টার এসি (১.৫ টন)**

গ্রীষ্মের দাবদাহে বিপর্যস্ত হয়ে অনেকেই এসি কেনার কথা ভাবছেন। তাদের জন্য দারাজে হায়ার এসিতে থাকছে আকর্ষণীয় অফার। ৬৫% পর্যন্ত এনার্জি সেভিং সুবিধাসহ এই এসিটি দ্রুত কুলিং নিশ্চিত করে। এতে রয়েছে ৫০০০ ওয়াট পাওয়ার ক্যাপাসিটি।

দীর্ঘমেয়াদি ব্যবহারের জন্য থাকছে ১২ বছরের কমপ্রেশার ওয়ারেন্টি ও **২ বছরের সার্ভিস ওয়ারেন্টি।**

শুধু ঘর শীতল করতেই নয় বরং চোখের শান্তি দিতেও এতে থাকছে আর্কটিক ব্লু ও ব্লাশ পিংকের মতো স্টাইলিশ দুটি রঙ। এছাড়া ব্যবহারবান্ধব অভিজ্ঞতার জন্য এতে যুক্ত করা হয়েছে সেলফ ক্লিনিং প্রযুক্তি, বিভিন্ন মোড, অটো রিস্টার্ট, চাইল্ড লক ও টাইমার ইত্যাদি বিভিন্ন আধুনিক সুবিধা। দারাজের পে-ডে ক্যাম্পেইনে এতে থাকছে ২৮% ছাড়ের পাশাপাশি ফ্ল্যাট ২০,০০০ টাকা পর্যন্ত ছাড়। সেইসঙ্গে দেশজুড়ে ফ্রি ডেলিভারি ও ফ্রি ইনস্টলেশন সুবিধা তো আছেই। এছাড়াও ক্রেতারা চাইলে এসিটির রিভিউ করে জিতে নিতে পারেন ৪,০০০ টাকার ভাউচার। পে-ডে ক্যাম্পেইন উপলে এসিটির বর্তমান দাম ৫১,৯৯০ টাকা

**২. ৫৬% ছাড়ে গুডম্যান প্রিমিয়াম টি-শার্ট**

দৈনন্দিন স্টাইল ও আরামের জন্য মানানসই প্রিমিয়াম এই টি-শার্ট এখন দারাজে পাওয়া যাচ্ছে বিশেষ ছাড়ে। এক্সপোর্ট কোয়ালিটির কটন ফ্যাব্রিক দিয়ে তৈরি এই পোশাকে থাকা সফটেনার ও সিলিকন ওয়াশ প্রযুক্তির ফলে বাড়তি আরাম পাওয়া যায়।

গ্রীষ্মকালে পরার জন্য উপযোগী এই ক্যাজুয়াল আউটফিটটি প্রিমিয়াম কোয়ালিটির এবং শর্ট স্লিভ ডিজাইনে তৈরি।

দারাজের পে-ডে ক্যাম্পেইন উপলে থাকছে ৫৬% পর্যন্ত ছাড়, সঙ্গে রয়েছে ফ্রি ডেলিভারি ও ভাউচার সুবিধা। টি-শার্টটির বর্তমান দাম ৩০৭ টাকা।

টি-শার্টটি অর্ডার করতে এখানে ক্লিক করুন

৩. ৫০% ছাড়ে স্কিন'ও স্ট্রবেরি সেন্টেড শাওয়ার জেল (২২০ মিলি)

এই শাওয়ার জেলটি ত্বককে ভেতর থেকে পরিষ্কার করে। বিশেষ করে তৈলাক্ত ত্বকের জন্য এটি বেশ কার্যকর। অল্প পরিমাণ ব্যবহারেই তৈরি হয় প্রচুর ফেনা, আর মনোমুগ্ধকর স্ট্রবেরি সুগন্ধ দেয় দিনভর সতেজ অনুভূতি।

পে-ডে ক্যাম্পেইনে এই পণ্য একটি কিনলেই আরেকটি একদম ফ্রি পাওয়া যাচ্ছে, অর্থাৎ মাত্র ২৫০ টাকায় পেয়ে যাবেন দুটি শাওয়ার জেল।





## ন্যাশনাল লাইফের ১৫তম আইসিএমএবি বেস্ট কর্পোরেট গোল্ড অ্যাওয়ার্ড অর্জন

ন্যাশনাল লাইফ ইনস্যুরেন্স সুশাসন, স্বচ্ছতা ও আইন-কানুন যথাযথ পরিপালনের জন্য জীবন বীমা শিল্পে প্রথম স্থান লাভ করে ৪র্থ বারের মতো ১৫তম আইসিএমএবি বেস্ট কর্পোরেট গোল্ড অ্যাওয়ার্ড অর্জন করেছে।

১৭ ডিসেম্বর ২০২৫ বাংলাদেশ চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানে বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দিন থেকে ন্যাশনাল লাইফের মুখ্য নির্বাহী কর্মকর্তা মোঃ কাজিম উদ্দিন ও সিএফও প্রবীর চন্দ্র দাস এফসিএ উক্ত অ্যাওয়ার্ড গ্রহণ করেন।

ন্যাশনাল লাইফ ইনস্যুরেন্স পিএলসি
নিশ্চিত ভবিষ্যতের সুহৃদ সাথী

জিএড নং-২১২/২৬ (৭´×৩/ক)